

ইনোভেশন কমিটির মাসিক সভার কার্যবিবরণী


সভার তারিখ : ২৯/০১/২০২০ খ্রি:
 সময় : সকাল ১১.০০ ঘটিকা
 স্থান : সভাপতি/ ইনোভেশন অফিসার এর অফিস কক্ষ
 সভাপতি : ড. মোঃ ছাইদুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
 ও ইনোভেশন অফিসার, নাটা, গাজীপুর।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি ড. মোঃ ছাইদুর রহমান, উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচনার বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	ইনোভেশন অগ্রগতিঃ ড. মোঃ ছাইদুর রহমান, ডিডি (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস), নাটা সভায় বলেন উদ্ভাবন বিষয়ে পাঁচদিনের কর্মশালা আয়োজন করতে হবে। পরে বিস্তারিত আলোচনা শেষে দু'ত কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) মার্চ ৮-১২/২০২০ মাসের কর্মশালার আয়োজন।	সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা।
২	প্রশিক্ষণ কর্মশালাঃ ইনোভেশন কমিটির সদস্য শামীমা আক্তার, এসএডি, নাটা সভায় জানান যে, জানুয়ারি মাসের ২৩ তারিখে ইনহাউজ প্রশিক্ষণে উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে একদিনের কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় সেবা সহজীকরণ বিষয়ে চারটি নতুন উদ্ভাবন পদ্ধতির ধাপ ভিত্তিক তুলনা উপস্থাপন করা হয়। পরে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) সেবা সহজীকরণ বিষয়ক কর্মশালার প্রতিবেদন প্রস্তুত করা।	শামীমা আক্তার, এসএডি ও, সদস্য ইনোভেশন কমিটি, নাটা।
৩	প্লান্ট প্রোটেকশন মিউজিয়াম ডিজিটাইজেশনঃ ইনোভেশন কমিটির সদস্য মোঃ সাইফুল ইসলাম, এসএডি, নাটা সভায় জানান নাটার প্লান্ট প্রোটেকশন মিউজিয়ামে নতুন ১০০ (একশত) উদ্ভিদ রোগ ও পোকাকার স্পেসিমেন সংগ্রহের ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হলেও এখন পর্যন্ত কার্যক্রম শুরু করা হয়নি। পরে বিস্তারিত আলোচনা শেষে নতুন স্পেসিমেন সংগ্রহের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) দু'ত ১০০ নতুন স্পেসিমেন সংগ্রহ করা।	সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা।
৪	ই-লার্নিং কোর্সের অগ্রগতিঃ ইনোভেশন কমিটির সদস্য জনাব ড. মোঃ এখলাছ উদ্দিন, উপপরিচালক, নাটা ই-লার্নিং কোর্সের বিষয়টি সভায় উত্থাপন করেন এবং পরে সভাপতি ইনোভেশন জানান যে, ই-লার্নিং এ পর্যন্ত ৫২২ জন রেজিস্ট্রেশন করেছে যা আশাব্যঞ্জক। তবে এখনও কোন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করা হয়নি, পরে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) আরও দু'টি কন্টেন্ট ই-লার্নিং কোর্সে অর্ন্তভুক্তকরণ। খ) দু'ত সনদ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	মো. হাফিজ হাসান, এসএডি ও, সদস্য ইনোভেশন কমিটি, নাটা।
৪	নাটার ট্রেনিং এমআইএসঃ ড.মো. সাইদুর রহমান জানান যে, নাটার নতুন ট্রেনিং এমআইএস (tmis.nata.gov.bd) এর সকল প্রকার পরিমার্জন, সংশোধন সম্পন্ন করা হয়েছে এবং দু'তই তা নাটার মূল পেইজ এ লিংক হিসেবে দেওয়া হবে। পরে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) ইনোভেশন ট্রেনিং এ রেজিস্ট্রেশনের মাধ্যমে নতুন এমআইএস এর উদ্বোধন। খ) দু'ত টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা।	সভাপতি, ইনোভেশন কমিটি, নাটা।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

 ড. মোঃ ছাইদুর রহমান
 উপ-পরিচালক (প্রশাসন ও সাপোর্ট সার্ভিস)
 ও
 ইনোভেশন অফিসার, নাটা, গাজীপুর।